কালের কণ্ঠ

তারিখ ... 31 MAR 2016 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ...

### বাংলা নববর্ষ উদ্‌যাপন

# বিকেল ৫টার পর ঢোকা যাবে না ঢাবি ক্যাম্পাসে

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

বাংলা নববর্ষ উদ্‌যাপনে এবার সতর্ক অবস্থানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। নিরাপত্তাজনিত কারণে এ বছর পহেলা বৈশাখে বিকেল ৫টার পর শিক্ষক-শিক্ষার্থী ছাড়া ক্যাম্পাসে ঢুকতে দেওয়া হবে না কাউকে। মঙ্গলবার এক সভায় এ সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। এ সভাতেই গঠন করা হয়েছে ৩৪ সদস্যবিশিষ্ট নববর্ষ উদ্‌যাপন কমিটি।
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে সিনেট ভবনে অনুষ্ঠিত সভায় বিভিন্ন অনুষদের ডিন, হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, সিনেট-সিন্ডিকেট সদস্য, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, অফিসপ্রধান এবং বিভিন্ন সমিতির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।
সভা সূত্রে জানা গেছে, এ বছর বাইরের কোনো পণ্যের দোকান ক্যাম্পাসে বসবে না। তবে হাজী মুহম্মদ মুহসীন হলের মাঠে কিছু দোকান থাকবে। ৫টার পর বিশ্ববিদ্যালয়ে বহিরাগত কেউ প্রবেশ করতে পারবে না।